


## ভক্তি আন্দোলন উদ্ভব

ভক্তি আন্দোলনের মূল কথা হল আত্মার সঙ্গে পরমাত্মার মিলন। মানুষকে মুক্তি দিতে পারে সংকর্ম ও সংআচরণ। সপ্তম হতে দ্বাদশ শতকের মধ্যে দক্ষিণ ভারতে বিশেষ করে তামিলনাড়ুতে শৈব নায়নার ও বৈষ্ণব আলবার সম্প্রদায়ের মধ্যে হতে ভক্তি আন্দোলনের সূচনা হয়। তিনজন পৃথক ব্যক্তি নেতৃত্ব দিয়েছিলেন, শঙ্করাচার্য, রামানুজ ও মাধবাচার্য। শঙ্করাচার্যের মায়াবাদ অর্থাৎ ব্রহ্ম সত্য জগৎ মিথ্যা এবং জগতের অস্তিত্ব মায়াপ্রভাবেই অনুমিত হয়। কিন্তু এই মতবাদ মানুষের মনের ধর্ম তৃষ্ণা দূর করতে পারল না। খ্রিষ্টীয় একাদশ শতাব্দীতে তিনি কাঞ্চী ও শ্রীরঙ্গমকে তাঁর ভক্তি ধর্ম প্রচারের কেন্দ্র করেন। তিনি শঙ্করের অদ্বৈতবাদের বিরুদ্ধে ভক্তিকে ধর্মের প্রধান অঙ্গ বলে প্রচার করেন। রামানুজের পর ত্রয়োদশ শতাব্দীতে মাধবাচার্য নামে এক ধর্মাচার্য বেদান্তের দ্বৈতবাদ প্রচার করেন।



সূত্র: ভক্তি আন্দোলন : ইন্ডিয়া টুডে ডট ইন





*Compiled and circulated by*

**Dr. Bhakti Pada Jana**

**SACT (Grade II), Department of History, Narajole Raj College**

ভক্তি আন্দোলন সংক্রান্ত দুই প্রধান মত হল ক) ভক্তি আন্দোলন ইসলামের আগ্রাসন ও অভিযাতের এক প্রত্যক্ষ প্রতিক্রিয়া। খ) ভক্তি তত্ত্ব হল এক প্রাচীন অভিমত। বস্তুতঃ সুপ্রাচীন কাল হতে ভারতে এই তত্ত্বের ধারা প্রবহমান ছিল। মধ্যযুগের ভারতে হিন্দুধর্মের সংস্কারের প্রয়োজনে ভক্তিতত্ত্বের জোরদার রূপায়ন শুরু হয়। কে. এম. পানিকর, তারাচাঁদ, নিজামী, কুরেশী প্রমুখ ঐতিহাসিকরা ভক্তি আন্দোলনের উদ্ভব সংক্রান্ত বক্তব্যগুলি খণ্ডন করেছেন :

মুসলমান অভিযান ও সাম্রাজ্য প্রতিষ্ঠার ফলে হিন্দু ভারতের রাজনীতি সমাজ ও অর্থনীতি প্রভৃতি ক্ষেত্রগুলি সবিশেষ আলোড়িত হয়। রাজনীতি ক্ষেত্রের হতাশা সমাজ ও ধর্মের ক্ষেত্রগুলিতে প্রতিফলিত হয়। সময় ভেদাভেদ বিড়ম্বিত ও অস্পৃশ্যতা পীড়িত হিন্দু সমাজ এবং আচার-অনুষ্ঠানের সর্বস্বতা হিন্দু ধর্ম সাম্যবাদী ইসলামী সমাজ ব্যবস্থা ও ধর্ম দর্শনের দ্বারা প্রভাবিত হয়। হিন্দু সমাজের জাতিভেদ ও অস্পৃতার বৈষম্য এবং নিম্নবর্ণের মানুষজনের প্রতি উচ্চবর্ণের মানুষজনের মানবতা বিরোধী সামাজিক অন্যায় অত্যাচার ও লাঞ্ছনার কারণে হিন্দু সমাজের একাংশ বৈষম্যহীন মুসলমান সমাজ ও ধর্মের প্রতি আকৃষ্ট হয়।

সুফী সন্তদের সহজ সরল ধর্মদর্শন হিন্দু ধর্মদর্শনের ত্রুটিগুলি তুলে ধরে। এ কারণে অন্ত্যজ হিন্দুরা ইসলামের প্রতি শ্রদ্ধাশীল হয়ে ওঠে। এ ছাড়া এসময় হাজী ও মওলানারা প্রচার করতে থাকেন - ইসলামের সহজ সরল ধর্মচার অনুশীলন সূত্রে বেহেশত তথা স্বর্গের দ্বার সকলের কাছে সকলের কাছে অনায়াসে মুক্ত হয়ে যায়।

এমতাবস্থায় সামাজিক ন্যায় ও অনায়াস লভ্য মুক্তির আশায় অন্ত্যজ হিন্দুদের একটি বড়ো অংশ ইসলামে অন্তর্গত হতে থাকে। এছাড়া শাসকবর্গ তাদের জেহাদী ধর্মদর্শন অনুসারে জিম্মি ও কাফেরদের ইসলামে ধর্মান্তরিত করার বিষয়ে উদ্যোগী হন। ফলে অন্ত্যজ হিন্দুদের ধর্মান্তর রোধের বিষয়টি হিন্দু সমাজে গুরুত্ব পায়। সে কারণে সমাজ সংস্কার ও সেই সঙ্গে ধর্ম সংস্কারের প্রয়োজন একান্তভাবে অনুভূত হয়। উদ্ভূত পরিস্থিতিতে রামানন্দ, নামদেব, কবীর, নানক, চৈতন্য প্রমুখ সন্ত সাধকদের সমাজে প্রয়োজন হয়।

সন্তগণ তাঁদের হিন্দু ধর্মার্চ্যাকে সহজ সরল ও বৈষম্যহীন করে তোলার জন্য সহজ পন্থা গ্রহণে প্রবৃত্ত হন। তাঁরা অস্পৃশ্যতা ও জাতিভেদ প্রভৃতি সামাজিক বৈষম্যগুলির নিন্দা করেন। তাঁরা প্রচার করেন- সকল মানুষ ই ঈশ্বরের সন্তান। সেহেতু মানুষে মানুষে ভেদ নেই। এভাবে তাঁরা ভক্তি ধর্ম প্রচারের মাধ্যমে সামাজিক ও ধর্মীয় সাম্য প্রতিষ্ঠার বিষয়ে ব্রতী হন। তারাচাঁদের মতে, ইসলামীয় প্রভাবের দরুন ভক্তি আন্দোলন প্রসারিত হয়েছিল।

যদুনাথ সরকার এবং এ. সি. ব্যানার্জী প্রমুখ ঐতিহাসিকগণ ভক্তি আন্দোলনকে ইসলামীয় প্রভাবের ফলশ্রুতি বলে স্বীকার করেন নি। এ বিষয়ে তাদের বক্তব্য হল, বহু প্রাচীন কাল হতে ভারতে একেশ্বরবাদী ভক্তি সাধনা প্রচলিত ছিল। বৈদিক সাহিত্য, মহাযানী সাধনতত্ত্ব, রামায়ন - মহাভারত - গীতা ও পুরাণ গ্রন্থাদি ছিল প্রমান



*Compiled and circulated by*

**Dr. Bhakti Pada Jana**

**SACT (Grade II), Department of History, Narajole Raj College**

স্বরূপ । পঞ্চম ও ষষ্ঠ শতকে শৈব নরনারায়ন ও বৈষ্ণব আলোয়ারগণ দক্ষিণ ভারতে ভক্তি সাধনা অ্যাহত রেখেছিলেন এবং সামাজিক ও ধর্মীয় বৈসম্য সম্পর্কে সচেতন থেকে তারা সহজ সামাজিক জীবনযাপন ও ধর্মাচরনের শিক্ষা প্রচার করতেন । এই যুক্তির নিরিখে সরকার ও ব্যানাজী মত হল মধ্যযুগের ভারতের ভক্তি আন্দোলন নতুন ধর্ম আন্দোলন নয় ।

সূত্র :

সতীশ চন্দ্র, মেডিয়াভেল ইন্ডিয়া, হর আনন্দ পাবলিকেশান, নতুন দিল্লী, ২০১২

তেসলীম চৌধুরী, ভারতের ইতিহাস (৬৫০-১৫৫৬), প্রগেসিভ পাবলিশার্স, কলকাতা, ২০০৯

মাইতি ও মডল, ভারত ইতিহাস পরিক্রমা (১২০৬-১৭৫৭), শ্রীধর প্রকাশনী, কলকাতা, ২০০৮